জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৪২. ০০১. ২৫- ৭৯১

তারিখঃ ০৩ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# অনলাইন নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সড়ক উপ-বিভাগ, লালমনিরহাটের ১৭/০৭/২০২৫ খ্রি. তারিখের ৩৫. ০১. ৫২৫৫. ৭৮৯. ৩৬. ০১৬. ২৪-৩৬৪/২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা পরিষদ, লালমনিরহাটের মালিকানাধীন লালমনিরহাট সদর উপজেলার বড়বাড়ী-লালমনিরহাট (এন-৫০৯) জাতীয় মহাসড়কের চেইনেজ -৭+৭৬০ এ অবস্থিত বিধ্বস্ত ০১টি স্লাব কালভার্ট (যে অবস্থায় আছে) অনলাইন নিলামের মাধ্যমে বিক্রয়ের উদ্দেশ্যে এই কার্যালয়ের ২৬ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখের ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৪২. ০০১. ২৫-৬৫৪ সংখ্যক স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক অনলাইন নিলামে অংশগ্রহণের মাধ্যমে জনাব মোঃ রাশেদ খান, পিতাঃ মৃত তৈয়ব আলী, ঠিকানাঃ উত্তর ঘনেশ্যাম, তুষভাণ্ডার, কালীগঞ্জ, লালমনিরহাট সর্বোচ্চ দরদাতা হিসাবে বিবেচিত হন। দাখিলকৃত দর এবং এর উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ সমুদয় অর্থ ১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদানের জন্য ০৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৪৬. ৪২. ৫২০০. ০০১. ৪২. ০০১. ২৫-৭২৯ সংখ্যক স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। তবে তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন অর্থ জমা না দেয়ায় তার দাখিলকৃত দরপত্র বতিল করা হয়। অধিকন্তু, প্রকাশিত অনলাইন নিলাম বিজ্ঞপ্তির শর্তানুসারে তিনি আগামী ০১ (এক) বছর জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃক পরিচালিত কোন নিলাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন না। এমতাবস্থায়, উল্লিখিত স্লাব কালভার্টটি বিক্রয়ের উদ্দেশ্যে পুনরায় অনলাইনে দরপত্র আহবান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক যথাযথভাবে অনলাইনে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলোঃ

- বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজপত্র সংযুক্তপূর্বক স্ক্যান করে পিডিএফ ফরমেটে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে জেলা পরিষদের ইমেইলে (zplalmonirhat@lgd.gov.bd) অথবা হোয়াটসএপে (০১৩১৭৪৭৭৮৪৮) প্রেরণ করতে হবে।
- আবেদন ফরমের সাথে জামানতের অর্থ (ফেরতযোগ্য) ব্যাংকে জমা প্রদানের রশিদ, আবেদনকারীর ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও কপি এবং একটি সচল মোবাইল নং আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- জামানতের অর্থ (ফেরতযোগ্য) বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিম্নবর্ণিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি বা ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ (ফেরতযোগ্য) জমা প্রদানের প্রমাণস্বরূপ জমা রশিদ বা অনলাইন ব্যাংক ট্রান্সফারের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

| ক্র | ব্যাংকের নাম | শাখার নাম | রাউটিং নম্বর | এ্যাকাউন্ট নম্বর | এ্যাকাউন্ট টাইটেল |
|---|---|---|---|---|---|
| 01. | Rupali Bank Ltd. | Lalmonirhat Corporate Branch | 185520463 | 4432024000009 | Zilla Parishad |

- জামানতের অর্থ (ফেরতযোগ্য) জমা প্রদানের রশিদ ব্যতীত কোন আবেদন বা প্রস্তাবিত দর বিবেচনা করা হবে না।
- অনলাইন নিলাম প্রক্রিয়া শেষে জামানতের অর্থ (ফেরতযোগ্য) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আবেদনকারীকে আবশ্যিকভাবে ফেরত প্রদান করা হবে।
- প্রস্তাবিত দর সুস্পষ্টভাবে অংক ও কথায় আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- জেলা পরিষদের নিজস্ব প্রাক্কলন (২৮,৪৯৪/-) অপেক্ষা প্রস্তাবিত দর বেশি হলেই কেবল দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে এবং গ্রহণযোগ্য বিবেচিত সর্বোচ্চ প্রস্তাবিত দর চূড়ান্তভাবে অনুমোদন করা হবে।
- চূড়ান্তভাবে অনুমোদনপ্রাপ্ত সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতাকে আবশ্যিকভাবে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে উল্লিখিত ব্যাংকে এ্যাকাউন্টে প্রস্তাবিত দর এবং এর উপর প্রযোজ্য ১৫% ভ্যাট ও ১০% আয়কর সহ সমুদয় অর্থ আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে বা ট্রান্সফার করতে হবে।

CamScanner

- নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়কর বাবদ সমুদয় অর্থ জেলা পরিষদ, লালমনিরহাটের উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে জমা প্রদানে ব্যর্থ হলে প্রস্তাবিত দর গ্রহণযোগ্য হবে না এবং দাখিলকৃত প্রস্তাব বাতিল করা হবে। এক্ষেত্রে জমাকৃত জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জামানত ফেরত প্রদান করা হবে না। অধিকন্তু, প্রস্তাবকারী আগামী ০১ (এক) বছর জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃক পরিচালিত কোন নিলাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- যথাসময়ে প্রস্তাবিত দর এবং ভ্যাট ও আয়করের সমুদয় অর্থ জেলা পরিষদের ব্যাংক এ্যাকাউন্টে জমা হওয়া সাপেক্ষে স্লাব কালভার্ট অপসারণের কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে স্লাব কালভার্ট অপসারণ করতে হবে, অন্যথায় কার্যাদেশ বাতিল মর্মে গণ্য হবে।
- অনলাইনে প্রস্তাব দাখিলের পূর্বে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে সরেজমিনে স্লাব কালভার্টটি পরিদর্শন করে অনলাইনে যথাযথভাবে সম্ভাব্য সর্বোচ্চ দর দাখিল করার পরামর্শ প্রদান করা হলো।
- অনলাইন আবেদন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোন আবেদন বা প্রস্তাবিত দর গ্রহণ করা হবে না।

২। জেলা পরিষদ, লালমনিরহাট কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এই বিষয়ে জেলা পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে গণ্য হবে।

১৪/০৭/২৫

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট
ইমেইলঃ zplalmonirhat@lgd.gov.bd
মোবাইলঃ ০১৩১৭৪৭৭৮৪৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ সড়ক উপ-বিভাগ, লালমনিরহাট।
৭। প্রশাসক, উপজেলা পরিষদ, সদর, লালমনিরহাট।
৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
৯। .................................................।
১০। অফিস কপি।

১৪/০৭/২৫

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট

CamScanner

পাসপোর্ট
আকারের
ছবি

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

## স্লাব কালভার্টের অনলাইন নিলামের আবেদন ফরম

ক) যে স্লাব কালভার্টের জন্য দর প্রস্তাব করা হচ্ছে তার নামঃ ( ✓ দিন)

☐ বড়বাড়ী- লালমনিরহাট ( এন- ৫০৯) জাতীয় মহাসড়কের চেইনেজ - ৭+৭৬০ এ অবস্থিত বিধ্বস্ত স্লাব কালভার্ট

খ) দরদাতার তথ্যঃ

নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

পিতার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

জাতীয় পরিচয়পত্র নম্বর (কপি সংযুক্ত করতে হবে) : . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

স্থায়ী ঠিকানাঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

সচল মোবাইল নং- . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

গ) প্রস্তাবিত দর (ভ্যাট ও আয়কর ব্যতীত) :

অংকেঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

কথায়ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ঘ) জামানতের তথ্যঃ

- জামানতের পরিমাণঃ ৫, ০০০/ - (পাঁচ হাজার টাকা)
- জামানত প্রদানের প্রক্রিয়াঃ ( ✓ দিন)
  - ☐ উল্লিখিত ব্যাংক এ্যাকাউন্টে সরাসরি জমা প্রদান
  - ☐ অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফার
- সরাসরি জমা প্রদানের ক্ষেত্রে (জমা স্লিপ সংযুক্ত করতে হবে) :
  - জমা প্রদানের তারিখঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
  - জমা প্রদানকারীর নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
- অনলাইন ব্যাংক টু ব্যাংক ট্রান্সফারের ক্ষেত্রে (অনলাইন ব্যাংক ট্রান্সফার রশিদ সংযুক্ত করতে হবে) :
  - জমা প্রদানের তারিখঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
  - যে ব্যাংক হতে ট্রান্সফার করা হয়েছে তার নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
  - ট্রাঞ্জেকশন আইডিঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ঙ) **ঘোষণাঃ** আমি ঘোষণা করছি যে, প্রদত্ত সকল তথ্য সঠিক এবং কোন ভুল তথ্য প্রদান করা হয়নি। যদি কোন ভুল তথ্য প্রদান করা হয়, তবে আমার বিরুদ্ধে যে কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হলে তা নির্দ্বিধায় মেনে নিতে আমি বাধ্য থাকবো।

দরদাতার স্বাক্ষর ও তারিখঃ

14/9/25

CamScanner